

আপনার প্রশ্ন: আমি খ্রিস্টিয়ান হওয়ার পর কি আমার পরিচয় গোপন রাখতে পারি?

উত্তর: না। নতুন জন্মের পর একজন খ্রিস্টিয়ানের নতুন করে সৃষ্টি হয়। এই পরিচয় আপনার দিতে হবে না; ঈসা মসিহের আলোতে এটি নিজে থেকেই বের হয়ে আসবে। এই আলো জীবনের গতি পাল্টে জীবনকে আলোকিত করবে। এটি একেবারে পরিষ্কারভাবে আমরা যেভাবে ভালোবাসা পেয়েছি সেভাবে ভালোবাসতে শিখায়, তেমনি তিনি যা ঘৃণা করেছেন তা ঘৃণা করতে শিখায়। এখন অলৌকিকভাবে আমাদের শত্রুদেরও ভালবাসতে পারি, যেভাবে ঈসা ভালবেসেছেন।

- মথি ৫:৪৪-৪৫ কিন্তু আমি তোমাদের বলছি, তোমাদের শত্রুদেরও মহব্বত কোরো। যারা তোমাদের জুলুম করে তাদের জন্য মুনাজাত কোরো, যেন লোকে দেখতে পায় তোমরা সত্যিই তোমাদের বেহেশতী পিতার সন্তান। তিনি তো ভাল-মন্দ সকলের উপরে তাঁর সূর্য উঠান এবং সৎ ও অসৎ লোকদের উপরে বৃষ্টি দেন।
- ইউহোনা ৩:৩ ঈসা নীকদীমকে বললেন, “আমি আপনাকে সত্যিই বলছি, **নতুন করে জন্ম না হলে** কেউ আল্লাহর রাজ্য দেখতে পায় না।”
- ২ করিন্থীয় ৫:১৭ যদি কেউ মসীহের সংগে যুক্ত হয়ে থাকে তবে **সে নতুনভাবে সৃষ্ট হল**। তার পুরানো সব কিছু মুছে গিয়ে সব নতুন হয়ে উঠেছে।
- মথি ১০:৩২ “**যে কেউ মানুষের সামনে আমাকে স্বীকার করে আমিও আমার বেহেশতী পিতার সামনে তাকে স্বীকার করব।** কিন্তু যে কেউ মানুষের সামনে আমাকে অস্বীকার করে আমিও আমার বেহেশতী পিতার সামনে তাকে অস্বীকার করব।